দল বদলেছে, মানুষের ভাগ্য অপরিবর্তিত: নাহিদ ইসলাম



নাহিদ ইসলাম। ছবি: সংগৃহীত

জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) আহ্বায়ক নাহিদ ইসলাম বলেন, সরকার বদলালেও সাধারণ মানুষের জীবন অনাকাঙ্ক্ষিতভাবেই একই রয়েছে। শুক্রবার (৬ মার্চ) উত্তরার ফ্রেন্ডস ক্লাব মাঠে ঢাকার সাংগঠনিক বিভাগের ইফতার ও দোয়া মাহফিলে তিনি এ মন্তব্য করেন।

তিনি বলেন, "রাষ্ট্রপতি শাহাবুদ্দিন চুপ্পু আগে 'জয় বাংলা' বলতেন, এখন 'জিন্দাবাদ' দিয়ে শেষ করছেন। দেশও একই পথে চলছে—শুধু দল বদলেছে, মানুষের ভাগ্য নয়।"

নাহিদ ইসলাম আরও অভিযোগ করেন, বিএনপি সরকারের সময় নারী নির্যাতন ও ধর্ষণের ঘটনা বেড়েছে। তিনি উদাহরণ দিয়ে বলেন, শাপলা কলিতে ভোটের কারণে নোয়াখালীর হাতিয়ায় এক নারীকে নির্যাতন করা হয়েছে। শিশু ও নারীর প্রতি সহিংসতা সারাদেশে বাড়ছে।

তিনি যোগ করেন, "সুশীল সমাজ ও নারী অধিকারকর্মীরা চুপ থাকলেও আমরা চুপ থাকব না। মানুষের অধিকার রক্ষায় এনসিপি সবসময় মুখ খুলবে।"

ইফতার মাহফিলে বিশেষ অতিথি ছিলেন এনসিপির মূখ্য সমন্বয়ক নাসীরুদ্দীন পাটোয়ারী, মুখপাত্র আসিফ মাহমুদ সজীব ভুঁইয়া এবং কেন্দ্রীয় ও ঢাকা বিভাগীয় নেতারা।

LENS ASIA